**বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র**
সাভার, ঢাকা
পিপিআর অনুবিভাগ
www.bpatc.gov.bd

**২০২৪ সালের ২য় অনুষদ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব সাঈদ মাহবুব খান
রেক্টর, বিপিএটিসি
সভার তারিখ : ১১ জুলাই, ২০২৪
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : রেক্টর'স কনফারেন্স রুম,আইটিসি
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভা শুরু হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পিপিআর) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচনার শুরুতে বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনীর প্রয়োজন রয়েছে কি না, তা জানতে চাওয়া হয়। অতঃপর আলোচ্যসূচি অনুসারে আলোচনা ও নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন যে, গত ৩১ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত অনুষদ সভার কার্যবিবরণী সকল অনুষদ সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যায়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। |
| ২. | প্রাতিষ্ঠানিক রিভিউ (Institutional Review) | গত ১২ মার্চ ২০২৪ তারিখে গঠিত কেন্দ্রের প্রাতিষ্ঠানিক রিভিউ (Institutionl Review) এর জন্য এমডিএস (ডিঅ্যান্ডই) এর নেতৃত্বে গঠিত কমিটি ইতোমধ্যে ০৪টি বৈঠক করেছেন। কমিটি সভাপতি জানান, দ্রততম সময়ের মধ্যে প্রতিবেদন রেক্টর মহোদয়ের নিকট পেশ করা হবে। | দ্রুততম সময়ের মধ্যে প্রাতিষ্ঠানিক রিভিউ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়।<br><br>বাস্তবায়নঃ সংশ্লিষ্ট কমিটি |
| ৩. | বিষয়ভিত্তিক স্বল্পমেয়াদি/সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন | পরিচালক (পিপিআর) জানান, কোর্স ফি ভিত্তিক সংক্ষিপ্ত/স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্স (১২-১৫ দিন মেয়াদি) পুনরায় চালুর লক্ষ্যে কেন্দ্রের বিভিন্ন বিভাগ হতে কারিক্যুলামের খসড়া পাওয়া গিয়েছে।<br>এতে অনুষদ সদস্যদের মতামত চাওয়া হয়েছে। একজন অনুষদ লিখিত মতামত প্রদান করেছেন। এপর্যায়ে, খসড়া কারিকুলামসমূহ চূড়ান্তকরণ এবং কতটি কোর্স চালু করা হবে, সেব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। সভাপতি বলেন, যেসব কোর্স চালুর বিষয় বিবেচনা করা হচ্ছে, সেব্যাপারে চাহিদা নিরূপন করা প্রয়োজন। এছাড়া, একই কোর্স অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে আয়োজিত হয়ে থাকলে, দ্বিত্বতা পরিহার করা বাঞ্ছনীয় হবে। | সংক্ষিপ্ত কোর্সের কারিক্যুলামসমূহ চূড়ান্ত করার লক্ষ্যে কারিক্যুলাম ডেভেলপমেন্ট কমিটির একটি বিশেষ সভা আগামী আগস্ট ২০২৪ মাসে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (পিপিআর) |
| ৪. | কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/ শাখার কার্যপরিধি (Job Distribution) পুনঃনির্ধারণ এবং নাম পরিবর্তন | আলোচ্য বিষয়টি প্রশাসনিক ধরণের বিধায় তা প্রশাসনিক সমন্বয় সভায় স্থানান্তর/আলোচনার সিদ্ধান্ত নেয়া যেতে পারে মর্মে উপস্থিত সদস্যবৃন্দ অভিমত পোষণ করেন। | কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/ শাখার কার্যপরিধি (Job Distribution) পুনঃনির্ধারণ এবং কেন্দ্রে নাম পরিবর্তনের বিষয়টি অনুষদ সভার আলোচ্যসূচি হতে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের রিসোর্স পার্সন পুলভুক্ত এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত ToT on Pedagogy প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে কেন্দ্রে পরিচালিত | পরিচালক (পিপিআর) জানান, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত রিসোর্স পারসন পুলভুক্ত এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের কেনেডি স্কুল পরিচালিত ToT on Pedagogy কোর্সে অংশগ্রহণকারী ফ্যাকাল্টি পুলের সদস্যগণকে কেন্দ্রে আয়োজিত কোর্সসমূহে সেশন পরিচালনায় আমন্ত্রণ জানানোর জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনা পাওয়া গেছে। তিনি জানান, উভয় তালিকা হতে একাধিক | কেন্দ্রের পরিচালিত কোর কোর্সসমূহে সেশন পরিচালনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের পুলভুক্ত ও হার্ভার্ড ToT সম্পন্নকারী রিসোর্স পারসনদের আমন্ত্রণ অব্যাহত রাখতে হবে।<br>এ সংক্রান্ত তথ্যাদি পিপিআর শাখায় প্রেরণ করতে হবে। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| | কোর্সসমূহে সেশন পরিচালনার জন্য আমন্ত্রণ জানানো | রিসোর্স পারসন নিয়মিত কেন্দ্রের বিভিন্ন কোর্সে সেশন পরিচালনা করছেন। ব্যাপারটি অব্যাহত রাখার ব্যাপারে সভায় গুরুত্ব দেয়া হয়। | বাস্তবায়নঃ অনুষদ সদস্য (সকল)/ কোর্স ব্যবস্থাপনা দলের সদস্যগণ |
| ৬. | সম্পন্নকৃত এসএসসি/এসিএডি/ পিপিএমসি কোর্সের সনদ প্রেরণ | ১২৮-১৩৯তম এসিএডি, ৯৭-১০৬তম এসএসসি এবং ২০-২১তম পিপিএমসি কোর্সের সনদ, মার্কশীট ও সার্টিফিকেট কাভার প্রশিক্ষণার্থীদের ঠিকানায় প্রেরণ করা হয়েছে। ২২-২৪তম পিপিএমসি'র সনদ প্রশিক্ষণার্থীদের ঠিকানায় প্রেরণ করার কাজ চলমান আছে মর্মে মূল্যায়ন শাখা হতে জানা যায়। | ইতোমধ্যে সম্পন্নকৃত পিপিএমসি কোর্সের সনদ প্রশিক্ষণার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (মূল্যায়ন) |
| ৭. | কেন্দ্রের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য অর্জন | পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন যে, এপিএ ২০২৩-২৪ এর চূড়ান্ত মূল্যায়নের জন্য এপিএ বিশেষজ্ঞ পুল ২২-২৩ জুলাই কেন্দ্রে পর্যালোচনা সভা করবেন। সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখাকে যথাযথ প্রমাণক দ্রুততম সময়ে এপিএ সেল-এ প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে ইতোমধ্যে পত্রযোগে অনুরোধ জানানো হয়েছে। | এপিএ-র চূড়ান্ত মূল্যায়ন সম্পন্নের জন্য সংশ্লিষ্ট শাখাসমূহকে যথাযথ প্রমাণকসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>বাস্তবায়নঃ এপিএ ফোকাল পয়েন্ট এবং সংশ্লিষ্ট সকল |
| ৮. | অনুষদ সদস্যদের দক্ষতা উন্নয়নমূলক কার্যক্রম | ক) অনুষদ সদস্যদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত আলোচনায় একাধিক অনুষদ অংশগ্রহণ করেন। কেন্দ্রের অনুষদ সদস্যদের বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য কেন্দ্রে এবং কেন্দ্রের বাইরে প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ রয়েছে। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক অনুষদ সদস্যদের জন্য Advanced ToT Course এবং Advanced Course on English Language আয়োজনের সিদ্ধান্ত রয়েছে। ইংরেজি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য Course পরিচালনা করতে British Council এর সাথে যোগাযোগ করা যায়।<br><br>খ) কেন্দ্রের ৩ জন অনুষদ সদস্য হার্ভার্ড কেনেডি স্কুল যুক্তরাষ্ট্র কর্তৃক পরিচালিত Pedagogy Fellowship- এ অংশগ্রহণ করেছেন। তাঁরা কেন্দ্রের অনুষদ সদস্যদের জন্য একটি Session পরিচালনা করবেন। সে লক্ষ্যে আলোচ্য ৩ জন অনুষদ সদস্যকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। | ক) অনুষদ সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ToT, English Language, সরকারি ক্রয় ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (পিপিআর)<br><br>খ) গঠিত কমিটি সুবিধাজনক সময়ে Learning Session- এর আয়োজন করবেন।<br><br>বাস্তবায়নঃ সংশ্লিষ্ট কমিটি |
| ৯. | লেসন প্ল্যান/ প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুতকরণ | ক) ইতোপূর্বে ১৭/০২/২০২১ তারিখে কোর্সভিত্তিক 'প্রশিক্ষণ ম্যানুয়াল' প্রস্তুত করার জন্য তিনটি কমিটি গঠন করা হয়েছিল। কমিটি গঠনের ৩০ কার্যদিবসের মধ্যে ম্যানুয়াল প্রস্তুতসহ সুপারিশমালা পেশ করার নির্দেশনা ছিল যেখান থেকে কোন সুপারিশ পাওয়া যায়নি।<br>গত ১৩.০৬.২০২৪ তারিখে কেন্দ্রের ব্যবস্থাপনা শাখা হতে পুনরায় 'প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুত কমিটি' গঠনের জন্য অনুরোধ করেন যার প্রেক্ষিতে নথির কাজ চলমান আছে।<br>খ) লেসন প্ল্যান প্রস্তুতের জন্য মডিউলভিত্তিক Expert Team গঠনের জন্য কেন্দ্রের অনুষদ সদস্যদের কাছ থেকে Area of Specialization সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। বিপিএটিসি'তে যোগদানকৃত নব্য অনুষদ সদস্যদের কাছ থেকে Area of Specialization সংক্রান্ত তথ্য সংগ্রহ করে তালিকা চূড়ান্ত করা হবে। | ক) কোর কোর্সভিত্তিক 'প্রশিক্ষণ ম্যানুয়াল' প্রস্তুতের জন্য তিনটি কমিটি গঠনের আদেশ জারি করতে হবে।<br><br>খ) লেসনপ্ল্যান প্রস্তুতের জন্য বিষয়ভিত্তিক দক্ষ অনুষদ সদস্যদের সমন্বয়ে আগামি সভার পূর্বেই মডিউলভিত্তিক টিম গঠন করতে হবে।<br><br>বাস্তবায়নঃ পিপিআর অনুবিভাগ |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১০. | কোর কোর্সের কারিক্যুলাম বাংলায় অনুবাদকরণ | ক) কোর কোর্সসমূহের পূর্ণাঙ্গ কারিক্যুলাম প্রস্তুত করণের লক্ষ্যে গত ১৯/০৬/২০২৪ তারিখে ০৫.০১.২৬৭২.১৪০.২৫.০০২.১৯.১০৩১ সংখ্যক স্মারকে ৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। বর্ণিত কমিটিকে ৩০ কার্যদিবসের মধ্যে এফটিসি ও এসএসসি'র পূর্ণাঙ্গ কারিকুলাম অনুবাদ করে পিপিআর অনুবিভাগে প্রেরণ করবে।<br><br>খ) পিপিএমসি অনুবাদক দলের নিকট হতে খসড়া অনুদিত কনটেন্ট পাওয়া গিয়েছে। | ক) কোর কোর্সসমূহের পূর্ণাঙ্গ কারিক্যুলাম প্রস্তুতকরণ কমিটিকে নির্দিষ্ট সময়ের মধ্যে অনুবাদ জমা প্রদান করতে হবে।<br><br>খ) পিপিএমসি অনুবাদক দলকে চূড়ান্ত অনুবাদ জমা দেয়ার অনুরোধ জানানো হয়।<br>বাস্তবায়নঃ পিপিআর অনুবিভাগ |
| ১১. | বক্তা নির্দেশিকা প্রস্তুতকরণ | সভায় আলোচনা হয় যে, বিভিন্ন কোর্সে যেসব বক্তা সেশন পরিচালনার জন্য আসেন তাদের সেশনের উদ্দেশ্য (learning outcome) এবং অনুসরণীয় কোন বিষয়ে পূর্বধারণা দেয়া হয় না। ফলে সেশনসমূহ অনেকাংশে ফলপ্রসূ হয় না। এজন্য, সেশন পরিচালনার জন্য কোন বক্তাকে আমন্ত্রণপত্র প্রেরণের সাথে বক্তা নির্দেশিকা সংযুক্ত করার সিদ্ধান্ত পূর্ববর্তী সভায় গৃহীত হয়। সেক্ষেত্রে বক্তা নির্দেশিকা চূড়ান্তকরণ/ প্রস্তুতকরণে CDC সভায় খসড়া উপস্থাপন করা হবে মর্মে পরিচালক (পিপিআর) জানান। সভায় ৩টি কোর কোর্সের জন্য ০৩টি আলাদা নির্দেশিকা প্রস্তুতের প্রস্তাব উপস্থাপন করা হয়। | বক্তা নির্দেশিকার খসড়া পরবর্তী CDC সভায় উপস্থাপন ও আলোচনাপূর্বক চূড়ান্ত করতে হবে।<br><br>বাস্তবায়নঃ পিপিআর অনুবিভাগ |
| ১২. | সিনিয়র স্ট্যাফ কোর্সসহ কেন্দ্রে পরিচালিত কোর্সসমূহে কেস স্টাডিভিত্তিক সেশন অন্তর্ভূক্তকরণ | কেন্দ্রের কোর্সগুলোতে কেস স্টাডি মেথডভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য কেন্দ্রের প্রশিক্ষণ উপযোগী case development করতে পূর্ববর্তী সভায় গবেষণা শাখা-কে দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু সভায় অনুষদ সদস্যগণ জানান Case Study Method & Case Writing সম্পর্কে জ্ঞান লাভের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে মত প্রকাশ করেন। | হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের কেনেডি স্কুল কর্তৃক পরিচালিত Pedagogy Training- এ অংশগ্রহণকারী অনুষদ সদস্য Learning Session টি আয়োজন করার পর প্রশিক্ষণের বিষয়ে বিবেচনা করা হবে।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (পিপিআর) |
| ১৩. | প্রশিক্ষণার্থীদের টি-শার্টে আইডি নম্বর সম্বলিত ট্যাগ সংযোজন | চলমান বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীদের রোল নাম্বার সম্বলিত wrist band প্রদান করা হয়েছে। তবে রোল নম্বর সম্বলিত টি-শার্ট প্রদান করার বিষয়ে সভায় সকলে অভিমত ব্যক্ত করেন। | খেলাধূলা সেশনে প্রশিক্ষণার্থীদের সনাক্ত করতে আইডি নম্বর সম্বলিত টি-শার্ট প্রদানে কোর্স ব্যবস্থাপনা দল খেলাধূলা শাখার সাথে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>বাস্তবায়নঃ সংশ্লিষ্ট কোর্স ব্যবস্থাপনা দল ও পরিচালক (খেলাধূলা) |
| ১৪. | অতিথি বক্তাদের পরিচিতি (CV) ইআরপি (ERP) তে আপলোডকরণ | কেন্দ্রের ইআরপি (ERP)-তে অতিথি বক্তাদের পূর্বের তালিকায় ১৩৬১ জন বক্তার তথ্য ছিল এবং একই বক্তার নাম একাধিকবার ছিল। উক্ত অতিথি বক্তাদের তথ্য পরীক্ষাপূর্বক ৬৫৪ জন বক্তার নাম Active রাখা হয়েছে। | সংক্ষেপিত তালিকাটি পুনরায় যাচাই করে চূড়ান্ত করতে হবে।<br><br>বাস্তবায়নঃ সিস্টেম এনালিস্ট |
| ১৫. | কেন্দ্রের ৪০ বছর পূর্তিতে একটি Video Documentation প্রস্তুতকরণ | পরিচালক (প্রশাসন) কেন্দ্রের ৪০ বছর পূর্তিতে একটি Video Documentation প্রস্তুতকরণের কাজ চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | বিষয়টি নিয়ে পরবর্তীতে প্রশাসনিক সমন্বয় সভায় আলোচনা করা হবে।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন) |
| | | অনুষদ সদস্যদের নিকট হতে প্রাপ্ত প্রস্তাব | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৬. | ACAD সহ অন্যান্য কোর্সের ICT/e-Governance Module এর সেশন সংখ্যা অস্বাভাবিকভাবে কমে যাওয়া | উক্ত সভায় সিস্টেম এনালিস্ট বিগত কয়েকটি ACAD-এর e-Governance সংক্রান্ত Module-এর সেশন সংখ্যার বিষয়ে কিছু তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, ধারাবাহিকভাবে এই মডিউলে টপিক সংখ্যা কমে যাচ্ছে। | এসিএডি কোর্সের ই-গভর্নেন্স বিষয়ক মডিউলটিতে কী ধরণের পরিবর্তন আনা বাঞ্চনীয়, তা সুপারিশ আকারে CDC-কে জানানোর জন্য অনুরোধ জানানো হয়।<br><br>বাস্তবায়নঃ সিস্টেম এনালিস্ট |
| ১৭. | বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নিয়ে একটি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন | পিপিআর অনুবিভাগে মাঝে মাঝে বিভিন্ন প্রতিষ্ঠান হতে অল্প সংখ্যক কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভুক্ত করার অনুরোধ পাওয়া যায়। কিন্তু বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসমূহের কনটেন্টসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠাননির্ভর হওয়ায় সবসময় সেসকল অনুরোধ রক্ষা করা সম্ভব হয়না। এক্ষেত্রে, বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নিয়ে একক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। | একাধিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমন্বয়ে বিপিএটিসিতে একটি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (পিপিআর) |
| ১৮. | Research Mentor দের Quantitative Data Analysis এর প্রশিক্ষণ প্রদান | Research Mentor দের Quantitative Data Analysis বিষয়ক প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয়তা নিয়ে সভায় আলোচনা হয়। পরিচালক (গবেষণা ও উন্নয়ন) জানান, তাঁর শাখা হতে এ বিষয়ে পাঁচ (০৫) দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। | অনুষদ সদস্যদের জন্য Quantitative Analysis বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (গবেষণা ও উন্নয়ন) |
| ১৯. | এসিএডি, এসএসসি এবং পিপিএমসি কোর্সের বৈদেশিক প্রশিক্ষণ ব্যতীত ফলাফল প্রস্তুত প্রসঙ্গে | বৈদেশিক প্রশিক্ষণ বর্তমানে স্থগিত থাকায় এবং সিএমটি কর্তৃক প্রশিক্ষণার্থীদের নম্বর প্রদান না করায় চূড়ান্ত ফলাফল প্রস্তুতে মূল্যায়ন শাখা সমস্যার সম্মুখীন হচ্ছে। তদুপরি, সিএমটি হতে বিগত অনেক কোর্সের কলমচিত্রও পাওয়া যায়নি।<br>অনেক সিএমটি সদস্য কেন্দ্র হতে বদলি হওয়ার কারণে সমস্যাটি আরও ঘনীভূত হচ্ছে। | বৈদেশিক প্রশিক্ষণের নম্বর আলোচ্য কোর্সসমূহের ক্ষেত্রে ইআরপি থেকে বাদ দিয়ে চূড়ান্ত ফলাফল প্রস্তুত করতে হবে। সিএমটি নম্বর প্রদান ও কলমচিত্র প্রেরণের জন্য সংশ্লিষ্ট সিএমটি সদস্যদের পত্র প্রেরণ করতে হবে। সিএমটি সদস্য বদলি হওয়া সাপেক্ষে উক্ত সিএমটির যে কোন সদস্য নম্বর ও কলমচিত্র প্রদান করতে পারবেন।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (মূল্যায়ন) |
| ২০. | বিভিন্ন কোর্সসমূহে কলমচিত্র প্রদান ব্যতীত Training Confidential Report (TCR) প্রদান | পরিচালক (মূল্যায়ন) সভাকে অবহিত করেন, ACR অনুরূপ করে প্রশিক্ষণকালীন সময়ের জন্য TCR ফর্ম প্রস্তুত করা হয়েছে। কলমচিত্রের পরিবর্তে TCR ফর্ম প্রশিক্ষণার্থীদের জন্য ব্যবহার করা যেতে পারে। | পরবর্তী কোর্সসমূহ থেকে TCR ফর্ম ব্যবহার করতে হবে।<br><br>বাস্তবায়নঃ পরিচালক (মূল্যায়ন) |
| ২১. | বিবিধ | **ক) একটি কেস স্টাডি সেল প্রতিষ্ঠা করাঃ** বর্তমানে বেশিরভাগ ক্ষেত্রে প্রশিক্ষণ পদ্ধতি হিসেবে লেকচার ম্যাথড ব্যবহার করা হচ্ছে। যদিও পূর্বে বিপিএটিসি'তে স্টিমুলেশন, প্যানেল ডিসকাশন, রোলপ্লে এবং কেস স্টাডি মেথডের বেশ প্রচলন ছিল। Harvard Kennedy School-এ অনুষদ সসদ্যদের সেশন পরিচালনায় সহায়তা করার জন্য Case Study প্রস্তুতকল্পে আলাদা একটি সেল কাজ করছে। সে আদলে বিপিএটিসি-তেও একটি সেল প্রতিষ্ঠা করার বিষয়ে সভায় সুপারিশ উপস্থাপিত হয়।<br><br>খ) বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য কোর কোর্সসমূহে অভ্যন্তরীন বক্তা নির্ধারণ করতে একটি নীতিমালা প্রণয়নঃ অনুষদ সদস্যদের থেকে গৃহীত Area of Specialization অনুযায়ী কোর্স তথা মডিউলভিত্তিক Expert Team গঠন করার কাজ | ক) কেসস্টাডি সেল গঠনের সম্ভাব্যতা বিষয়ে কেন্দ্রের এমডিএস (আরএন্ডসি) এবং গবেষণা শাখার পরিচালক রেক্টর, বিপিএটিসি-এর সাথে পৃথক আলোচনা করবেন।<br><br>বাস্তবায়নেঃ পরিচালক (গবেষণা ও উন্নয়ন) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | চলমান আছে যা পরবর্তী বক্তা নির্ধারণে ব্যবহার করা যেতে পারে।<br>তাছাড়া, কেন্দ্রের প্রথা অনুযায়ী কোর কোর্সগুলোতে সেশন পরিচালনার সম্পৃক্ততা যাচাই করে বিশেষ কোর্সসমূহে বক্তা নির্ধারণের কাজ চলমান রাখা যেতে পারে।<br>গ) **কারিকুলাম উন্নয়ন কমিটি পুনর্গঠনঃ** কারিকুলাম উন্নয়ন কমিটি'র (সিডিসি) কার্যপ্রণালী ও গঠন নিয়ে একাধিক সদস্য আলোচনা করেন। সিডিসিকে অধিকতর অংশগ্রহণ করার ব্যাপারে তারা অভিমত ব্যক্ত করেন। পরিচালক (প্রশাসন) প্রস্তাব করেন যে সিডিসিকে দু'টি স্তরে পুনর্বিন্যাস করা যেতে পারে। এমডিএস (পিঅ্যান্ডএস) এর সভাপতিত্বে প্রয়োজনীয় সংখ্যক পরিচালক ও উপপরিচালকদের সমন্বয়ে একটি টিম এবং রেক্টরের সভাপতিত্বে সকল এমডিএসদের নিয়ে আরেকটি অনুমোদনকারী কমিটি করা যেতে পারে। উভয় কমিটিতে বিশেষজ্ঞ হিসেবে বহিসদস্যের অন্তর্ভূক্তির বিষয়টিও বিবেচনা করা যেতে পারে।<br>(ঘ) সভাপতি অভিমত প্রকাশ করেন যে, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রতিটি ব্যাচে সকল ক্যাডারের সুষম আনুপাতিক অংশগ্রহণ থাকা প্রয়োজন। সাধারণ ক্যাডার ও কারিগরি ক্যাডারের কর্মকর্তাদের আলাদা ব্যাচে প্রশিক্ষণ হলে ক্যাডারভিত্তিক সৌহার্দ্য তৈরি হয়না এবং কোর্সের গুণগত মানও হ্রাস পায়। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুরোধ জানিয়ে পত্র দেয়া যেতে পারে মর্মে আলোচনা হয়। | খ) বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণসহ সংক্ষিপ্ত কোর্সসমূহের সার্বিক গুনগত মান উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশ পাওয়ার পর বিবেচনা করা হবে।<br>গ) কেন্দ্রের সকল কোর্সের কারিকুলাম উন্নয়নের জন্য দু'টি কমিটি গঠন করা হবে। এমডিএস (পিএন্ডএস) এর সভাপতিত্বে পরিচালক ও উপপরিচালকদের সমন্বয়ে ১০-১২ জন অনুষদের সমন্বয়ে 'কারিকুলাম উন্নয়ন ওয়ার্কিং কমিটি' এবং রেক্টর এর সভাপতিত্বে সকল এমডিএস নিয়ে 'কারিকুলাম অনুমোদন কমিটি' গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উভয় কমিটিতে বিশেষজ্ঞ হিসেবে বহিসদস্যের অন্তর্ভূক্তির সুযোগ রাখা হবে।<br>(ঘ) বুনিয়াদি প্রশিক্ষণের প্রতিটি ব্যাচে সকল ক্যাডারের কর্মকর্তাদের সুষম ও আনুপাতিক অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ পরিচালক (পিপিআর) |

২। আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(সাঈদ মাহবুব খান)
রেক্টর

নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৬.১৪.১৯.৫৯

তারিখ: ১৮আগস্ট ২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থেও সদয় কার্যার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো -

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
২। প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩। রেক্টরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। সংশ্লিষ্ট নথি।

18/08/24

(হাসান মুর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)